গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
নওগাঁ
(সাধারণ শাখা-১১১)
www.naogaon.gov.bd

নওগাঁ জেলা উন্নয়ন সমন্বয় কমিটির নভেম্বর/২০১৮ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ মিজানুর রহমান, জেলা প্রশাসক, নওগাঁ।
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ।
তারিখ : ১৮ নভেম্বর, ২০১৮ খ্রিঃ (রবিবার)।
সময় : ১০.০০ টা।
উপস্থিতি : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।
অনুপস্থিতি : পরিশিষ্ট "খ" দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। জেলায় নওগাঁ মেডিকেল কলেজে ফিজিওলোজী, এনাটোমি ও বায়োকেমিস্ট্রি বিভাগে পাঁচ জন শিক্ষক পদায়ন হওয়ায় সভায় তাদেরকে স্বাগত জানানো হয়। রাজশাহী বিভাগীয় কমিশনার গোল্ড ক্লাব ফুটবল টুর্নামেন্টে নওগাঁ জেলা দল অপরাজিত চ্যাম্পিয়ন এবং বাংলাদেশ টেনিস প্রতিযোগিতায় নওগাঁ টেনিস ক্লাব চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করায় সভাপতি সন্তোষ প্রকাশ করেন। সভায় বিশেষ আমন্ত্রণে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নওগাঁ, সহকারী পরিচালক, ডিজিএফআই, রাজশাহী এবং র‌্যাব-৫, রাজশাহী এর প্রতিনিধি কোম্পানী কমান্ডার, জয়পুরহাট। অতপরঃ সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নওগাঁ উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে গত সভার কার্যবিবরণী পাঠ এবং সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এবং প্রস্তুতকৃত কার্যপত্র পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন। অত:পর সভায় বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কার্যক্রম ও বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়।

১। গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নওগাঁ গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী চূড়ান্ত করতে মত প্রকাশ করেন।	কোন সংশোধনী না থাকায় গত ১৮/১০/২০১৮ তারিখে অনুষ্ঠিত জেলা উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।	—

২। গত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি ও কার্যপত্র প্রেরণ নিশ্চিতকরণ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
সভায় জানানো হয় গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন অনেক দপ্তরের নিকট থেকে পাওয়া যায়নি। আগামী সভা থেকে সকল বিভাগকে বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি ও সভার কার্যপত্র নির্ধারিত 'ছক' মোতাবেক আগাম প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়।	মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত মোতাবেক জেলা উন্নয়ন সমন্বয় সভা প্রতি মাসের ৩য় রবিবারে অনুষ্ঠিত হয়। বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন এবং কার্যপত্র (উপস্থাপনযোগ্য বিষয়) নির্ধারিত 'ছক' মোতাবেক আগাম (প্রতি মাসের ০১ তারিখের মধ্যে) প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার সদস্যবৃন্দ।

৩। পুলিশ বিভাগ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
পুলিশ সুপার, নওগাঁ জানান, সরকারি যে কোন উন্নয়নমূলক কাজে পুলিশ বিভাগ সর্বদা সকল বিভাগকে সার্বিক সহযোগিতা প্রদান করে থাকেন। আসন্ন একাদশ জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষে পুলিশ বিভাগ প্রস্তুত রয়েছে। বৈধ অস্ত্রধারীদের অস্ত্র এবং অস্ত্রের গুলি স্ব-স্ব থানা থেকে আপডেট করে নেয়ার জন্য অনুরোধ জানান। জেলায় জঙ্গি দমন কার্যক্রম অব্যাহত রয়েছে। জঙ্গি অনুসন্ধানে পুলিশ বিভাগের নিকট তথ্য দিয়ে সহায়তা করার জন্য সকলকে অনুরোধ জানান। আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক ও সমুন্নত রাখতে সর্বদা পুলিশি টহল ও গোয়েন্দা নজরদারি রাখাসহ মাদকসেবী ও মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে অভিযান অব্যাহত রয়েছে।	(১)জেলার সার্বিক উন্নয়নে কোন বিভাগের আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীর সহায়তা প্রয়োজন হলে সরাসরি পুলিশ সুপার, নওগাঁকে অবহিত করতে হবে। (২)আসন্ন একাদশ জাতীয় সংসদ নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ ভাবে সম্পন্ন করতে হবে।	(১)পুলিশ সুপার, নওগাঁ। (২) জেলা উন্নয়ন সমন্বয় সভার সদস্যবৃন্দ।

৪। জেলা পরিষদ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নওগাঁ জানান, জেলা পরিষদের আওতায় ২০১৮-১৯ অর্থ বছরে এডিপি'র ৫৯০ লক্ষ টাকার ৩০৬টি প্রকল্প এবং রাজস্ব তহবিলের ১০৪.৫০ লক্ষ টাকার ১০টি প্রকল্প স্থানীয় সরকার মন্ত্রণালয় হতে সবেমাত্র অনুমোদন পাওয়া গেছে। এডিপি ও রাজস্ব তহবিলের টেন্ডার প্রকল্পসমূহের টেন্ডার আহবান কার্যক্রম চলছে এবং পিআইসি প্রকল্পগুলো বাস্তবায়নের কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সভাপতিগণকে পত্র দেয়া হয়েছে। তিনি জানান, বদলগাছী	(১)জেলা পরিষদের আওতায় ২০১৮-১৯ অর্থ বছরে এডিপি এবং রাজস্ব তহবিলের বিপরীতে বরাদ্দ প্রাপ্ত অর্থে দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে। (২)বদলগাছী-গোবরচাপা-আক্কেলপুর রাস্তার খাদাইল মৌজায় রাস্তার দক্ষিণ	প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নওগাঁ

উপজেলার বদলগাছী-গোবরচাপা-আক্কেলপুর রাস্তার খাদাইল মৌজায় রাস্তার দক্ষিণ ধারে অবস্থিত জেলা পরিষদের মালিকানাধীন পাইকড় গাছের গত ১৩/১১/১৮ তারিখে সংশ্লিষ্ট কমিটি কর্তৃক ২৯,০২৬/- টাকা মূল্য নির্ধারণ করা হয়। গাছটি পরিপক্ক ও ঝুঁকিপূর্ণ হওয়ায় দ্রুত অপসারনের সুপারিশ করা হয়। উক্ত গাছটি নিলামে বিক্রির অনুমোদন দেয়া যেতে পারে।	ধারে অবস্থিত জেলা পরিষদের মালিকানাধীন ১(এক)টি পাইকড় গাছ পরিপক্ক ও ঝুঁকিপূর্ণ হওয়ায় বিধি মোতাবেক নিলামে বিক্রির অনুমোদন প্রদান করা হল।	

৫। গণপূর্ত বিভাগ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নওগাঁ এর প্রতিনিধি জানান, গণপূর্ত বিভাগের অধীনে মোট ৩৩টি নির্মাণাধীন উন্নয়নমূলক প্রকল্পের কাজ চলমান আছে। উপজেলা কোর্ট ভবন মেরামত/ সংস্কার/রক্ষণাবেক্ষনের দায়িত্ব উপজেলা পরিষদের উপর ন্যাস্ত করা সংক্রান্ত গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণলয়ের ০৩/১/১৬ তারিখের ৩০১ নং পরিপত্র জেলার সকল উপজেলা নির্বাহী অফিসার বরাবর পৃষ্ঠাংকন করা হয়েছে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধামইরহাট, নওগাঁ জানান, উক্ত পরিপত্রের কপি তাঁদের জানা প্রয়োজন। নওগাঁ সদর হাসপাতালের পুরাতন ভবনসমূহের সংস্কার/মেরামত কাজের প্রস্তাব উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়েছে। পুলিশ সুপার, নওগাঁ জানান, ট্রেজারী গার্ড রুম একটি গুরুত্বপূর্ন ভবন। গার্ড রুমটি ভেঙ্গে গেছে। দ্রুত মেরামত করা প্রয়োজন। জেল সুপার, নওগাঁ জানান, পেরিমিটার ওয়ালের বাইরে ওয়াকওয়ে এবং পেরিমিটার ওয়ালের বাইরে অবজারভেশন টাওয়ার নির্মাণ, বহুতল বিশিষ্ট মহিলা কারারক্ষীর আবাসন ব্যারাকসহ পেরিমটার ওয়াল চুনকাম, পানির লাইন সংযোজন, স্টাফ কোয়ার্টার মেরামত, প্রবেশ গেট নির্মাণ ইত্যাদি বিষয়ে কাজ করার জন্য গণপূর্ত বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। এতদবিষয়ে নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নওগাঁ এর প্রতিনিধি জানান, ফান্ড বরাদ্দ পাওয়া গেলে কারাগারের কাজ করা হবে।	(১)উপজেলা কোর্ট ভবন মেরামত/ সংস্কার/ রক্ষণাবেক্ষনের দায়িত্ব উপজেলা পরিষদের উপর ন্যাস্ত করা সংক্রান্ত গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণলয়ের ০৩/১/১৬ তারিখের ৩০১ নং পরিপত্র স্ব-স্ব উপজেলা পরিষদের চেয়ারম্যানের নিকট পৃষ্ঠাংকন করতে হবে। (২)নওগাঁ সদর হাসপাতালের পুরাতন ভবনসমূহের সংস্কার/মেরামত কাজের প্রস্তাব অনুমোদনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। (৩)নওগাঁ ট্রেজারী গার্ড অত্যন্ত গুরুত্বপূর্ন ভবন বিধায় গার্ড রুমটি সরেজমিনে পরিদর্শন করে সংস্কারের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। (৪)বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে নওগাঁ জেলা কারাগারের কাজ শুরু করতে হবে।	(১)নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নওগাঁ। (২)তত্ত্বাবধায়ক, সদর হাসপাতাল, নওগাঁ। (৩)উপজেলা নির্বাহী অফিসার (সকল), নওগাঁ।

৬। সড়ক ও জনপথ বিভাগ :

	সিদ্ধান্ত	বাস্তবায়নে
নির্বাহী প্রকৌশলী, সওজ, নওগাঁ জানান, পাহাড়পুর, আবাদপুকুর, বদলগাছী ও নিয়ামতপুর রাস্তার কাজ শুরু করার স্বার্থে গাছ কর্তনের জন্য জেলা পরিষদ, সামাজিক বন বিভাগ, বিএমডিএ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। উপজেলা নির্বাহী অফিসারগণের নিকট হতে প্রাপ্ত তালিকা অনুযায়ী জেব্রা ক্রসিং কাজ চলছে। নেসকোর পার্শ্বে রাস্তার ধারে ড্রেন নির্মাণের জন্য সংশোধিত ডিপিপিতে সংস্থান আছে। সংশোধিত ডিপিপি অনুমোদিত হলে ড্রেন নির্মাণ কাজ সম্পাদন করা হবে। নওগাঁ শহরের মধ্যে ক্রস ড্রেন নির্মাণ কাজ শেষ হয়েছে। সওজ এর জনবল কম হওয়ার জন্য উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারগণকে কাজ মনিটরিং করলে ভাল হয়। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাণীনগর ও নিয়ামতপুর এর প্রশ্নের জবাবে জানানো হয় নিয়ামতপুর-বেজোড়ার রাস্তার টেন্ডারের কাজ ২/১ দিনের মধ্যে শুরু হবে। রাণীনগর-আবাদপুকুর রাস্তার কাজ অবিলম্বে শুরু করা হবে। সভাপতির অনুরোধের প্রেক্ষিতে নওগাঁ সার্কিট হাউস এর রাস্তাসহ শোভাবর্ধনের কাজ করে দেয়ার জন্য নির্বাহী প্রকৌশলী, সওজ, নওগাঁকে ধন্যবাদ জানানো হয়।	(১)সড়ক ও জনপথ বিভাগের আওতায় পাহাড়পুর, আবাদপুকুর, বদলগাছী ও নিয়ামতপুর রাস্তার উন্নয়ন কাজ করার লক্ষ্যে দ্রুত গাছ কর্তন সম্পন্ন করতে হবে। (২)উপজেলা নির্বাহী অফিসারগণের নিকট হতে প্রাপ্ত জেব্রা ক্রসিংয়ের তালিকা মোতাবেক কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।	(১)নির্বাহী প্রকৌশলী, সওজ, নওগাঁ। (২)প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নওগাঁ। (৩)নির্বাহী প্রকৌশলী, বিএমডিএ, নওগাঁ। (৪)সহকারী বন সংরক্ষক, নওগাঁ।

৭। এলজিইডি :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নওগাঁ জানান, ২০১৮–১৯ অর্থ বছরে ৪০.৫০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। কাজ বাস্তবায়নের জন্য ৭৮টি স্কীমের দরপত্র আহবান করা হয়েছে এবং দরপত্র মূল্যায়ন প্রক্রিয়াধীন রয়েছে। সর্বজনীন সামাজিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় অত্র জেলায় ১৯০টি ধর্মীয় প্রতিষ্ঠানের মধ্যে ৯৬টির কার্যাদেশ প্রদান করা হয়েছে, ৩৪টির কাজ সমাপ্ত হয়েছে ও ৯৪টির দরপত্র মূল্যায়ন প্রক্রিয়াধীন আছে। ২০টি ইউনিয়ন ভূমি অফিসের মধ্যে ১৮টির কাজ চলমান আছে। অবশিষ্ট ২টির মধ্যে নওগাঁ সদর উপজেলার পৌর ভূমি অফিস নির্মাণ স্থলে বিভিন্ন প্রজাতির গাছ থাকার কারণে ঠিকাদার কাজ শুরু করতে পারছেন না এবং আত্রাই উপজেলায় কালিকাপুর ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ স্থলের জমি নীচু থাকায় নির্মাণ কাজ শুরু করা সম্ভব হচ্ছে না। উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণ প্রকল্পের আওতায় ১১টি উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স এর মধ্যে ৮টির কাজ সমাপ্ত হয়েছে এবং মান্দা, রাণীনগর ও নওগাঁ সদর উপজেলায় মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণ কাজ চলমান আছে।	(১)নওগাঁ সদর উপজেলার পৌর ভূমি অফিস নির্মাণ স্থলে বিভিন্ন প্রজাতির গাছ অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নওগাঁকে অনুরোধ করা হয়। (২)মান্দা, রাণীনগর ও নওগাঁ সদর উপজেলায় মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণ কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।	(১)নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নওগাঁ। (২)অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নওগাঁ।